

হইল পূর্বের মত নির্মল আকাশ।
 পাগলের মহিমা হইল সুপ্রকাশ।।
 নিবির্ভয়ে মহোৎসব হইল অমনি।
 দিবানিশি ক্ষান্ত নাই শুধু হরিধ্বনি।।
 বাড়ীর উপরে করিয়াছে একস্থান।
 সেখানে সকলে করে হরিনাম গান।।
 কেহ বসে কেহ উঠে নাচিয়ে নাচিয়ে।
 কেহ কেহ ভূমে পড়ে অচৈতন্য হ'য়ে।।
 কেহ প্রেমে ধরাধরি করে পড়াপড়ি।
 কেহ কেহ কেঁদে কেঁদে যায় গড়াগড়ি।
 তাহার উত্তর পার্শ্বে ভোজনের ঠাই।
 যখন যার যা ইচ্ছা খেতেছে সবাই।।
 লাবড়া অম্বল ডাল ভাজা দধি চিনি।
 খেয়ে খেয়ে সকলে দিতেছে হরিধ্বনি।।
 কেহ 'ভীর' দেয় বলে 'সাধু সাবধান'
 ক্ষণে পিছাইয়া ক্ষণে হয়ে আশ্রয়ান।।
 গৌর অবতারে প্রভুর কামনা রহিল।
 সে কারণে ওড়াকান্দী অবতীর্ণ হ'ল।।
 বলিতে বলিতে বলে মধুরস বাণী।
 কেহ তার পিছে পিছ দেয় হরিধ্বনি।।
 পাতা রাখি ভূমে কেহ এঁটে হাতে মুখে।
 দাঁড়াইয়া 'বাবা হরিচাঁদ' বলে ডাকে।।
 এইমত তিন দিন মহোৎসব হ'ল।
 মতুয়ারগণ সব একত্রিত ছিল।।
 লোক পরিমাণ অনুমান করি সবে।
 দু'হাজার লোক সে মধ্যের দিন হ'বে।।
 শেষ দিন লোক হবে চারি-পাঁচ-শত।
 ভোজন করিল হরি-ভক্তগণ যত।।
 নায়েরীর পূর্ণ হ'ল মনের বাসনা।
 প্রেমে পুলকিত দেবী কাঁদিয়া বাঁচে না।
 হরিচাঁদ প্রীতে হরি বল সর্ববর্জনে।
 রসনা বাসনা নাম রস আশ্বাদনে।।



গোস্বামীর গঙ্গাচর্ণা গমন ও কার্তিককে পুত্র বরদান

এই মহোৎসব পরে যত ভক্তগণ।
 গঙ্গাচর্ণা এসে করি হরি-সংকীর্্তন।।
 রামমোহনের ঘরে বসিয়া সকল।
 কেবল বলে 'হরিবল হরিবল।।'
 তখন পাগল এসে কার্তিকের ঘরে।
 'জয়-হরি গৌর-হরি' বলে উচ্চৈঃস্বরে।।
 আসিল সকল ভক্ত সেই গৃহদ্বারে।
 পাগল বলিল 'যে আসিবি এই ঘরে।।
 একজন এক শ্লোক, করিবি বক্তৃত্তা।
 না বলিলে শ্লোক, কেহ আসিও না হেথা।।
 বক্তৃত্তা করিল শ্লোক যাহার যা আসে।
 শ্বেতপুলকাক্ষ কারো হয় প্রেমাবেশে।
 লেখাপড়া যে না জানে সেও শ্লোক কয়।
 শ্লোক না বলিলে খেয়ে মারিবারে যায়।।
 কাঁরে মারে লাথি কাঁরে করে মুষ্ট্যাঘাত।
 'শ্লোক' বলিতে অগ্নি লাগে অকস্মাৎ।।
 মহাভাবে প্রেমবন্যা শুনিয়া সে 'শ্লোক'।
 তার মধ্যে অশ্বিকারে আনিল গোলোক।।
 কার্তিক বিশ্বাস স্বামী অশ্বিকা গৃহিণী।
 ব্রজগণ কার্তিক সে অশ্বিকা গোপিনী।।
 মৃত্যুঞ্জয় দশরথ আসে তার স্থান।
 সবে বলে 'করহ মায়ের স্তন্য পান।।
 অত্রুর বিশ্বাস রামকুমার বিশ্বাস।
 দুগ্ধপান করে সবে প্রেমেতে উল্লাস।।'
 পাগল ধরিয়া সেই অশ্বিকার মুখে।
 দুগ্ধপান করে আর 'মা' বলিয়া ডাকে।।
 বলে মাগো এইবার হইবি গর্তিণী।
 ছেলে হবে তার নাম রাখিও অশ্বিনী।।'